ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৪
খোয়াই,২৩ এপ্রিল,২০২৫

# জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উপলক্ষ্যে তুলাশিখর ব্লকে বিশেষ অনুষ্ঠান

জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস উদযাপন উপলক্ষ্যে আজ তুলাশিখর ব্লক কার্যালয়ে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। তুলাশিখর ব্লকের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের সমবায়, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন এ.ডি.সি.-র খোয়াই জোনালের চেয়ারম্যান বিশ্ব দেববর্মা এবং ভাইস চেয়ারম্যান খগেশ দেববর্মা। অনুষ্ঠানে অতিথিগণ ব্লক এলাকায় পঞ্চায়েত স্তরের বিভিন্ন কাজ এবং প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পঞ্চায়েত স্তরে উন্নয়নমূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য তুলাশিখর ব্লকের অন্তর্গত বিভিন্ন এ.ডি.সি. ভিলেজে কর্মরত ৭ জন জি.আর.এস. এবং আর.পি.এম.-দের পুরস্কৃত করা হয়। এছাড়াও পি.ডি.এফ. ফান্ডের মাধ্যমে ২টি কীর্তনীয়া দলকে বাদ্যযন্ত্র বিতরণ করা হয় এবং এলাকার বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব নৃপেন দেববর্মাকে সংবর্ধনা প্রদান করা হয়।

*****